

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 24-01-2026
Time: 07:35-07:40 PM Hrs
BENGALI MORNING BULLETIN

Jyotiraditya Scindia :

কেন্দ্রীয় উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া রাজ্য সফরের দ্বিতীয় দিনে আজ উত্তর ত্রিপুরা জেলার কদমতলার উত্তর ফুলবাড়ি গ্রাম পরিদর্শন করবেন। সেখানে আগরকাঠের একগুচ্ছ প্রকল্পের উদ্বোধন করবেন তিনি। পরে তিনি রাজ্যের ঐতিহ্যবাহী উনকোটি পাহাড় পরিদর্শন করবেন। সফরের তৃতীয় তথা শেষ দিনে শ্রী সিন্ধিয়া ডুমুরে পর্যটন প্রকল্পে মাতাবাড়ি ট্যুরিজম সার্কিটের সূচনা করবেন।

PM ROJGAR MELA :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে ১৮তম রোজগার মেলায় বিভিন্ন সরকারি বিভাগ ও সংস্থায় নবনিযুক্ত ৬১ হাজারেরও বেশি যুবক-যুবতীদের নিয়োগপত্র বিতরণ করবেন। তিনি এই উপলক্ষে জনসভায় ভাষণও দেবেন। ১৮তম রোজগার মেলা সারা দেশের ৪৫টি স্থানে আয়োজন করা হবে। নতুন নিয়োগপ্রাপ্ত প্রার্থীরা স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ, আর্থিক পরিষেবা বিভাগ এবং উচ্চশিক্ষা বিভাগ সহ বিভিন্ন মন্ত্রণালয় এবং বিভাগে যোগদান করবেন। রোজগার মেলা একটি গুরুত্বপূর্ণ সরকারি উদ্যোগ যার লক্ষ্য কর্মসংস্থান সৃষ্টি করা। প্রতিষ্ঠার পর থেকে, সারা দেশে আয়োজিত রোজগার মেলার মাধ্যমে ১১ লক্ষেরও বেশি নিয়োগপত্র জারি করা হয়েছে।

DoNER Minister Pragna Bhaban :

কেন্দ্রীয় উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিঙ্কিয়া গতকাল মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার উপস্থিতিতে আগরতলার প্রজ্ঞা ভবনে রাজ্যের জন্য ৩৬৫ কোটি টাকার আটটি প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রীর নেতৃত্বে ত্রিপুরা রাজ্য এক উন্নত ভবিষ্যতের দিকে এগিয়ে চলেছে। বর্তমান সরকারের সময়ে দেশে সামাজিক, আর্থিক, পরিকাঠামোগত ক্ষেত্রের উন্নয়নে অভাবনীয় ক্রান্তি এসেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নতুন ভারত গঠনে উত্তর পূর্বাঞ্চলের ভূমিকাকে সর্বাধিক গুরুত্ব দিয়েছেন। তাই এই অঞ্চলের ৮টি রাজ্যকে অষ্টলক্ষী রূপে চিহ্নিত করে অ্যাক্ট ইন্সট পলিসির মাধ্যমে উন্নয়নের এক নতুন দিশায় চালিত করতে ব্রতী হয়েছেন। উল্লেখ্য, ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিঙ্কিয়া গতকাল তিনদিনের রাজ্য সফরে এসেছেন।

DoNER Minister GBP/Matabari :

কেন্দ্রীয় ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিঙ্কিয়া ও মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল আগরতলা গভঃ ম্যাডিকেল কলেজ ও জিবিপি হাসপাতালে প্রসূতি ও শিশু বিভাগের নতুন ভবন নির্মাণ প্রকল্পের কাজ এবং আগরতলা গভঃ ডেন্টাল কলেজের নতুন ভবন নির্মাণের কাজ ঘুরে দেখেন। পরে শ্রী সিঙ্কিয়া জানান, কেন্দ্রীয় ডোনার মন্ত্রক রাজ্যের স্বাস্থ্য পরিষেবার পরিকাঠামোর উন্নয়নে সব ধরনের সহায়তায় হাত বাড়িয়ে দিয়েছেন। রাজ্যের মুখ্যমন্ত্রীর নেতৃত্বে ত্রিপুরাবাসীকে উন্নত চিকিৎসা পরিষেবা দেবার লক্ষ্যে ডোনার মন্ত্রক বিশেষ

জোর দিয়েছেন। তিনি এই কাজগুলি নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করতে গুরুত্বারোপ করেন।

রাতে তিনি গোমতী জেলার উদয়পুরের মাতা ত্রিপুরাসুন্দরী মন্দিরে পূজা দেন। সেখানে তাঁকে স্বাগত জানিয়েছেন রাজ্যের অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, দুই বিধায়ক অভিষেক দেবরায় ও জিতেন্দ্র মজুমদার প্রমুখ। মন্দিরে পূজা দিয়ে তিনি রাজ্য ও দেশবাসীর মঙ্গল কামনা করেন।

Kishor Barman :

উচ্চ শিক্ষামন্ত্রী কিশোর বর্মণ গতকাল সিপাহীজলা জেলার মেলাঘর কালীবাড়ি প্রাঙ্গণে নেতাজীর জন্মদিন উপলক্ষে পাঁচ দিন ব্যাপী নেতাজি মেলার উদ্বোধন করেন। নেতাজীর আদর্শকে নবপ্রজন্মকে অনুপ্রাণিত হয়ে আগামী দিনে পথ চলার উপর গুরুত্ব আরোপ করেন তিনি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন অনামিকা ঘোষপাল রায় প্রমুখ।

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩০তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার

অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুনঃ প্রচার করা হবে।

Flower Show :

কৈলাশহরের উনকোটি কলাক্ষেত্র প্রাঙ্গনে গতকাল থেকে শুরু হয়েছে তিনদিনের পুষ্প প্রদর্শনী ও প্রতিযোগিতা। উদ্বোধন করেন উনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ। এখানে ৭৪ জন ফুলচাষীর ৫৫৩টি বিভিন্ন জাতের ফুল প্রদর্শিত হচ্ছে।

Blood Donation :

ধলেশ্বর ব্লু লোটাস ক্লাবের প্রতিষ্ঠা দিবস ও নেতাজির জন্মজয়ন্তী উপলক্ষে গতকাল ক্লাব প্রাঙ্গনে রক্তদান শিবির, সবজি ও পুষ্প প্রদর্শনীর আয়োজন করা হয়। শিবিরের উদ্বোধন করেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার। রক্তদান শিবিরে ১৫ জন রক্ত দান করেন।

Ranji Trophy :

ত্রিপুরার বিরুদ্ধে রঞ্জি ট্রফির চারদিনের খেলায় সফরকারী উত্তরাখণ্ড প্রথম ইনিংসে লিড নিয়েছে। এমবিবি স্টেডিয়ামে রাজ্যদলের প্রথম ইনিংসের ২৬৬ রানের জবাবে উত্তরাখণ্ড বিনা উইকেটে ৭ রান থেকে ব্যাট করতে নেমে দ্বিতীয় দিনের শেষে ৬ উইকেট হারিয়ে ২৯৯ রান করে। রাজ্যদলের অধিনায়ক মনিশংকর মুড়াসিং ৪৭ রানে ৩টি উইকেট পান।

Weather :

আজ আকাশ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১১ দশমিক ৮ ডিগ্রী সেলসিয়াস।
